দৈনিক ইত্তেফাক

তারিখ 20 APR 1993 পৃষ্ঠা ৩ কলাম ৫

# ৪টি বোর্ডের এসএসসি পরীক্ষা শুরু

## প্রথম দিনে ৬ শতাধিক বহিষ্কৃত

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল সোমবার ৪টি শিক্ষাবোর্ডের আওতায় সারাদেশে ১৯৯৩ সালের এসএসসি বাংলা প্রথমপত্রের পরীক্ষা মোটামুটি শান্তিপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হয়। কোথাও কোন প্রকার অপ্রীতিকর ঘটনা ঘটে নাই। তবে পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে সারাদেশে ৬ শতাধিক পরীক্ষার্থী এবং পরীক্ষায় নকল করিতে সহায়তা করার অভিযোগে ৩ জন শিক্ষক বহিষ্কৃত হইয়াছেন। কুমিল্লা শিক্ষা বোর্ডে বহিষ্কারের সংখ্যা বেশী। এই বোর্ডে ২৫৯ জন বহিষ্কৃত হয়। খবর বোর্ড সূত্রে প্রাপ্ত এবং আমাদের সংবাদদাতাগণ কর্তৃক প্রেরিত। ঢাকা শিক্ষাবোর্ডে মোট বহিষ্কারের সংখ্যা ৯৯। মহানগরীতে কেহ বহিষ্কার হয় নাই। তবে জিনজিরায় নকল সরবরাহের (শেষ পৃঃ দ্রঃ)

### এস এস সি পরীক্ষা

( প্রথম পৃঃ পর )

অভিযোগে ২ জন শিক্ষক বহিষ্কৃত হন। এই কেন্দ্রে ১ জন ছাত্রকেও বহিষ্কার করা হয়। ঢাকা বোর্ড সূত্রে জানা যায়, নারায়ণগঞ্জে ২ জন, মুন্সিগঞ্জ জেলায় ১ জন, গাজীপুর জেলায় ৭ জন, মানিকগঞ্জ জেলায় ৮ জন, ফরিদপুর জেলায় ৬ জন, মাদারীপুর জেলায় ৫ জন, শরিয়তপুর জেলায় ৪ জন, রাজবাড়ী জেলায় ২ জন, গোপালগঞ্জ জেলায় ১১ জন ময়মনসিংহ জেলায় ২৩ জন, কিশোরগঞ্জ জেলায় ১৫ জন, নেত্রকোনা জেলায় ১৩ জন, জামালপুর জেলায় ২ জন, শেরপুর জেলায় ৬ জন ও নরসিংদী জেলায় ১৩ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়।

শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যক্ষ মোঃ ইউনুস খান গতকাল ঢাকার ভিকারুন্নেসা নুন স্কুল ও কলেজ, মতিঝিল আইডিয়াল স্কুল ও কলেজ, মতিঝিল সরকারী স্কুল ও ধানমণ্ডি ল্যাবরেটরী স্কুলের এস, এস, সি পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন।

কুমিল্লা বোর্ড জানায় : মোট বহিষ্কারের সংখ্যা ২৫৯। কুমিল্লা জেলায় ১৪২ জন, হবিগঞ্জ জেলায় ৪ জন, রাঙ্গামাটি জেলায় ২ জন, খাগড়াছড়ি জেলায় ১০ জন, মৌলভীবাজার জেলায় ৭ জন, কক্সবাজার জেলায় ২৫ জন, সিলেট জেলায় ১১ জন, ফেনী জেলায় ২৩ জন, চাঁদপুর জেলায় ২২ জন ও ব্রাহ্মণবাড়িয়া জেলায় ১৩ জন বহিষ্কৃত হয়।

রাজশাহী বোর্ডে মোট বহিষ্কারের সংখ্যা ২৩১ জন। বোর্ড সূত্রে জানা যায়, রাজশাহী জেলায় ৩ জন, নবাবগঞ্জ জেলায় ৪ জন, নাটোর জেলায় ২ জন, নওগাঁ জেলায় ৫ জন, পাবনা জেলায় ১ জন, সিরাজগঞ্জ জেলায় ২৪ জন, বগুড়া জেলায় ২০ জন, রংপুর জেলায় ২৭ জন, নীলফামারী জেলায় ২ জন, কুড়িগ্রাম জেলায় ১৮ জন, লালমনিরহাট জেলায় ৮ জন, দিনাজপুর জেলায় ৭০ জন, ঠাকুরগাঁও জেলায় ৪০ জন ও পঞ্চগড় জেলায় ৭ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়।

যশোর বোর্ডে বহিষ্কারের সঠিক তথ্য জানা যায় নাই। তবে আমাদের সংবাদদাতা ও প্রতিনিধিদের পাঠানো তথ্য অনুযায়ী এই বোর্ডে বহিষ্কারের সংখ্যা মাত্র ২৩। চুয়াডাঙ্গা জেলায় ৩ জন, নড়াইল জেলায় ৩ জন, ঝালকাঠি জেলায় ৪ জন, বরগুনা জেলায় ১ জন, ভোলা জেলায় ১ জন, যশোর জেলায় ৩ জন ও বরিশাল জেলায় ৮ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়।

চট্টগ্রাম অফিস ॥ গতকাল সোমবার কুমিল্লা বোর্ডের অধীনে চলতি সালের অনুষ্ঠেয় এস, এস, সি পরীক্ষার প্রথম দিনে চট্টগ্রামের বিভিন্ন কেন্দ্র হইতে মোট ৭৭ জন পরীক্ষার্থীকে অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কার করা হইয়াছে।

রাঙ্গুনিয়া সংবাদদাতা জানান, রাঙ্গুনিয়ার ১টি কেন্দ্র হইতে ৫জন এবং রাউজান কলেজ ও স্কুল কেন্দ্র হইতে ১২ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

পটুয়াখালী : গতকাল সকালে স্থানীয় নিউমার্কেট এলাকায় এস এস সি পরীক্ষার্থী হুমায়ুন কবির কতিপয় দুষ্কৃতকারীর রাম দায়ের কোপে গুরুতর আহত হয়। হুমায়ুন পৌর এলাকার কলিশাখালী গ্রামের বাড়ী হইতে পটুয়াখালী পরীক্ষা কেন্দ্রে যাইতেছিল। এ ব্যাপারে সদর থানায় মামলা দায়ের করা হইয়াছে।

### ২৫ জন পরীক্ষার্থী পরীক্ষা দিতে পারে নাই

চাঁদপুর : স্থানীয় লেডি প্রতিমা উচ্চ বালিকা বিদ্যালয়ের কারণিক কর্তৃক প্রতারণার শিকার হইয়া ২৫ জন পরীক্ষার্থী প্রবেশ পত্র না পাওয়ার কারণে পরীক্ষা দিতে পারে নাই। কারণিক আমিনুল ইসলাম পলাতক। প্রধান শিক্ষিকা এব্যাপারে কিছুই জানেন না বলিয়া জানান।